

অদ্য ধার্য তারিখ নহে। দরখাস্তকারী/বাদী পক্ষ নথি উপস্থাপনের দরখাস্ত দাখিল পূর্বক দেওয়ানী কার্যবিধি আইনের আদেশ ৩৯ বিধি ১ তৎসহ ধারা ১৫১ মোতাবেক আনীত দরখাস্ত শুনানীর আবেদন করেন।

দেখলাম। নথি উপস্থাপনের দরখাস্ত মণ্ডের করা হলো।

নথি অঙ্গীয়ানী নিমেধাজ্ঞার দরখাস্ত শুনানীর জন্য নেওয়া হলো।

বাদী/ দরখাস্তকারী কর্তৃক দাখিলকৃত দেওয়ানী কার্যবিধি আইনের আদেশ ৩৯ বিধি ১ তৎসহ ধারা ১৫১ মোতাবেক ১ নং বিবাদীর বিরুদ্ধে অঙ্গীয়ানী নিমেধাজ্ঞার প্রার্থনা করেন।

নিমেধাজ্ঞা দরখাস্ত বিষয়ে বিজ্ঞ কৌসুলির বক্তব্য শ্রবন করলাম। বক্তব্যের সমর্থনে দাখিলী কাগজাদি ও নথি পর্যালোচনা করলাম। দরখাস্তকারীপক্ষ কর্তৃক দাখিলকৃত দরখাস্ত পর্যালোচনায় দেখা যায় যে দরখাস্তকারীপক্ষ তফসিল বর্ণিত ভূমি সংক্রান্তে ১ নং বিবাদীর বিরুদ্ধে মুসলিম শরীয়া আইনের অধীন অগ্রক্রয়ের প্রার্থনায় অত্র মামলা আনয়ন করেছেন। দরখাস্তকারীপক্ষ ১ নং বিবাদী যাতে নালিশী ভূমিতে প্রবেশ করতে না পারে; নালিশী ভূমির রূপ পরিবর্তন বা অন্যত্র হস্তান্তর করতে না পারে তজ্জন্য অঙ্গীয়ানী নিমেধাজ্ঞার আবেদন করেছেন। মুসলিম আইনের এক সুফা মামলার ক্ষেত্রে বাদীর প্রাইমা ফেসী কেস প্রাথমিকভাবে অনুধাবনের কোন সুযোগ নেই। এক সুফা ক্ষেত্রে নির্ধারিত আনুষ্ঠানিকতা পালিত হয়েছে কि হয়নি বা বাদী শেষ পর্যন্ত মামলায় জয়ী হবেন কিনা তা সম্পূর্ণরূপে ছড়াত্ত সাক্ষ্য প্রমান সাপেক্ষ বিষয়। অত্র মামলা স্বল্পতম সময়ের মধ্যে নিষ্পত্তি হইবে এমন কোন সম্ভাবনা নেই। সেই সময় পর্যন্ত ১ নং বিবাদী ক্রেতার বিরুদ্ধে নিমেধাজ্ঞার আদেশ হলো একজন আইনসিদ্ধ ক্রেতা কে তার খরিদা ভূমি ভোগদখল করা থেকে বিরত রাখা ন্যায়ানুগ হইবে না বলে আমি মনে করি।

Upon a pre-emption decree, the property and the right to mesne profits vest in the pre-emptor from the date when he pays the amount of the purchase price finally decreed; until that time the original purchaser retains possession and is entitled to the rents and profits.

সুতরাং মামলার এ পর্যায়ে বাদী/দরখাস্তকারী কর্তৃক আনীত অঙ্গীয়ানী নিমেধাজ্ঞার দরখাস্ত নামঙ্গুরযোগ্য মর্মে বিবেচনা করি।

অতএব আদেশ হয় যে,

বাদী দরখাস্তকারী পক্ষ কর্তৃক আনীত গত ইং ০৫/০৯/২০২৩ ইং তারিখের অঙ্গীয়ানী নিমেধাজ্ঞার দরখাস্ত এক-তরফা শুনানীঅন্তে বিনা খরচায় নামঙ্গুর করা হলো।

মোঃ হাসান জামান
সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

মোঃ হাসান জামান
সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম